

সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৪৮২

৯/ জিহাদ (كتاب الجهاد)

পরিচ্ছেদঃ ২৮০. সমুদ্রযানে আরোহণ এবং যুদ্ধ করা।

باب فِي رُكُوبِ الْبَحْرِ فِي الْغَزْوِ

আরবী

حَدَّثَنَا سُلَيْمَانُ بْنُ دَاوُدَ الْعَتَكِيُّ، حَدَّثَنَا حَمَّادُ، _ يَعْنِي ابْنَ زَيْد _ عَنْ يَحْيَى بْنِ سَعِيد، عَنْ مُحَمَّد بْنِ يَحْيَى بْنِ حَبَّانَ، عَنْ أَنَسِ بْنِ مَالِكِ، قَالَ حَدَّثَتْنِي أُمُّ حَرَامٍ بِنْتُ مِلْحَانَ، غَنْ أَنسِ بْنِ مَالِكِ، قَالَ حَدَّثَتْنِي أُمُّ حَرَامٍ بِنْتُ مِلْحَانَ، أَخْتُ أُمِّ سَلَيْمٍ أَنَّ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم قَالَ عِنْدَهُمْ فَاسْتَيْقَظَ وَهُو يَضْحَكُ . قَالَتْ فَقُلْتُ يَا رَسُولَ اللَّهِ مَا أَضْحَكَكَ قَالَ " رَأَيْتُ قَوْمًا مِمَّنْ يَرْكَبُ ظَهْرَ هَذَا الْبَحْرِ كَالمُلُوكِ عَلَى الأَسِرَّةِ " . قَالَتْ قُلْتُ يَا رَسُولَ اللَّهِ ادْعُ اللَّهَ أَنْ يَجْعَلَنِي مِنْهُمْ . قَالَ " كَالْمُلُوكِ عَلَى الأَسِرَّةِ " . قَالَتْ قُلْتُ يَا رَسُولَ اللَّهِ ادْعُ اللَّهَ أَنْ يَجْعَلَنِي مِنْهُمْ . قَالَ " فَإِنَّكِ مِنْهُمْ " . قَالَتْ ثُمَّ نَامَ فَاسْتَيْقَظَ وَهُو يَضَحْكُ . قَالَتْ فَقُلْتُ يَا رَسُولَ اللَّهِ ادْعُ اللَّهَ أَنْ يَجْعَلَنِي مِنْهُمْ . قَالَ " أَنْتِ أَضْحَكَكَ فَقَالَ مِثْلُ مَقَالَتِهِ . قُلْتُ يَا رَسُولَ اللَّهِ ادْعُ اللَّهَ أَنْ يَجْعَلَنِي مِنْهُمْ . قَالَ " أَنْتِ مِنْ الأَوْلِينَ " . قَالَ فَتَزَوَّجَهَا عُبَادَةُ بْنُ الصَّامِتِ فَغَزَا فِي الْبَحْرِ فَحَمَلَهَا مَعَهُ فَلَمَّا رَجَعَ فَلَا بَعْلَةٌ لِتَرْكَبَهَا فَصَرَعَتْهَا فَانْدَقَّتْ عُنُقُهَا فَمَاتَتْ .

বাংলা

২৪৮২. সুলায়মান ইবন দাউদ আল আতাকী আনাস ইবন মালিক (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, উম্মে সুলায়মের ভগ্নি উম্মে হারাম বিনত মিলহান (রাঃ) (আমার খালা) আমাকে হাদীস বর্ণনা করেছেন যে, একদা রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম তাঁদের নিকট (ঘরে) নিদ্রা গিয়েছিলেন। তারপর হাসতে হাসতে নিদ্রা হতে জাগ্রত হলেন। তিনি বলেন, আমি তাঁকে জিজ্ঞাসা করলাম, ইয়া রাসূলুল্লাহ্! কী কারণে আপনার হাসি পাচ্ছে।

তিনি বললেন, আমি স্বপ্নে দেখলাম, একদল লোক এই সমুদ্র পৃষ্ঠে নৌযানে আরোহণ করছে যেমন রাজা-বাদশাহরা সিংহাসনে আরোহণ করে। তিনি বললেন, আমি বললাম, ইয়া রাসূলাল্লাহ! আল্লাহ নিকট আমার জন্য দু'আ করান যাতে আমি তাদের অন্তর্ভূক্ত হতে পারি। তিনি বলেন, নিশ্চই তুমি তাদের অন্তর্ভূক্ত হবে। তিনি বললেন, এরূপ বলার পর তিনি আবার ঘুমিয়ে পড়লেন।

পুনরায় তিনি খুশিতে হাসতে হাসথে জেগে উঠলেন। আবারও আমি জিজ্ঞাসা করলাম, ইয়া রাসূলাল্লাহ! কী কারণে



আপনার হাসি পাচ্ছে। উত্তরে তিনি পূর্ববত একই কথা ব্যক্ত করলেন। তিনি বলেন, আমি আবার আর্য করলাম, ইয়া রাসূলুল্লাহ! আমার জন্য দু'আ করুন, যাতে আল্লাহ্ আমাকে তাদের মধ্যে শামিল করেন। তিনি বললেন, তুমি তাদের প্রথম সারিতে থাকরে।

আনাস (রাঃ) বলেন, উবাদা ইবনুল সামিত (রাঃ) এর সাথে তাঁর (উন্মে হারামের) বিহি হয়েছিল তিনি নৌবাহিনীতে যোগদান করে সমুদ্র-যুদ্ধে যাত্রা করার সময় তাঁকেও সঙ্গে নিলেন। যুদ্ধ শেষে যখন উবাদা (রাঃ) দেশে ফিরলেন, তখন উন্মে হারামের জন্য একটি খচ্চর নিকটে আনা হল। এর পিঠে চড়তেই খচ্চরটি তাঁকে ফেলে দিল। ফলে, তাঁর ঘাঢ় ভেঙ্গে গেল এবং তিনি মারা গেলেন। (এরূপে নবজজীর ভবিষ্যদ্বাণী সত্যে পরিণত হল)।

English

Anas bin Malik (may Allaah be pleased with him) said "Umm Haram, daughter of Milhan, sister of Umm Sulaim, narrated to me that the Apostle of Allaah() took a mid day nap with them. He then awoke laughing. She said "I asked the Apostle of Allaah(), what made you laugh?" He replied "I saw some people who ere sailing in the midst of the sea like kings on thrones. She said "I said the Apostle of Allaah() beseech Allaah that He may put me among them. He replied "You will be among them." She said "He then slept and awoke laughing. She said "I asked the Apostle of Allaah(), what made you laugh? He replied as he said in the first reply. She said "I said the Apostle of Allaah() beseech Allaah that HE may put me amongst them. He replied "You will be among the first. Then 'Ubadah bin Al Samit married her and sailed on the sea on an expedition and took her with him. When he returned, a riding beast was brought near her to ride, but it threw her down. Her neck was broken and she died.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন